তারিখ 14 NOV 2016
পৃষ্ঠা ৫ কলাম ২

সমকাল

# প্রাথমিকের দপ্তরিরা ১৯ মাস ধরে বেতন পান না

■ সমকাল প্রতিবেদক

সারাদেশে বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত ৫ হাজার দপ্তরি কাম প্রহরীরা ১৯ মাস ধরে বেতন পান না বলে জানিয়েছেন। এ বকেয়া বেতন পরিশোধের দাবিতে গতকাল রোববার জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন করেছেন তারা। দাবি আদায়ে ময়মনসিংহের ফুলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরি শহিদুল ইসলাম খান স্বাক্ষরিত একটি স্মারকলিপি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর পাঠানো হয়েছে।

মানববন্ধনে বক্তারা বলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) দপ্তর থেকে জারিকৃত বিজ্ঞপ্তি অনুসারে নিয়োগ পরীক্ষার মাধ্যমে গত বছরের ২৫ এপ্রিল তারা কাজে যোগদান করেন। অথচ চাকরির মেয়াদ ১৯ মাস পার হলেও এখনও তাদের কোনো বেতন-ভাতা দেওয়া হয়নি। এ ব্যাপারে ইউএনও এবং থানা শিক্ষা কর্মকর্তার দপ্তরে বারবার যোগাযোগ করেও তারা কোনো সদুত্তর পাচ্ছেন না। এতে পরিবার-পরিজন নিয়ে বর্তমানে মানবেতর জীবনযাপন করছেন তারা।